দৈনিক ইনকিলাব

তারিখ 23 OCT 1990
পৃষ্ঠা ... কলাম ...

10

## শিক্ষাঙ্গনে

### ব্রাহ্মণপাড়া উপজেলায় প্রাথমিক শিক্ষা

শিক্ষা মানুষের মৌলিক অধিকার। স্বাধীন-সার্বভৌম দেশে শিক্ষালাভের অধিকার সকলেরই সমান। কিন্তু ব্রাহ্মণপাড়া উপজেলায় উপযুক্ত পরিবেশ ও সুযোগের অভাবে প্রায় ৫ হাজার শিশু প্রাথমিক শিক্ষার অধিকার হতে বঞ্চিত রয়েছে।

১৯৮৯ সালের পরিসংখ্যান থেকে জানা যায়, এ উপজেলায় বিদ্যালয় গমনোপযোগী ৬ থেকে ১০ বৎসর বয়সী শিশুর সংখ্যা ২৮,২৮৯ জন। তন্মধ্যে ডিসেম্বর '৯০ পর্যন্ত অধ্যয়নরত শিশুদের সংখ্যা ছিলো ২৩,৫২০ জন। এ শিশুদের ৯,২৫৪ জন ১ম শ্রেণীতে ও ২,৩২০ জন ৫ম শ্রেণীতে অধ্যয়নরত ছিলো। বাকী ৪,৭৬৯ জন বিদ্যালয় বহির্ভূত রয়েছে। এসব শিশু বিদ্যালয়ে না আসার প্রধান কারণ হচ্ছে পারিবারিক অর্থনৈতিক দুরবস্থা, অভিভাবকদের নিরক্ষরতা ও শিক্ষার প্রতি অনীহা। এ উপজেলায় মোট ৬৫টি প্রাথমিক বিদ্যালয়ে ২৬৪ জন শিক্ষক-শিক্ষিকা রয়েছেন। ছাত্র-শিক্ষক অনুপাত হলোঃ ১ঃ৮৬। কিন্তু সরকারী নিয়মানুযায়ী তা হওয়ার কথা ১ঃ৫০। নিম্ন শ্রেণীতে ছাত্রাধিক্যহেতু একজন শিক্ষক সামাল দিতে ব্যর্থ হচ্ছেন। সে সঙ্গে স্থানাভাবহেতু শিশুরা স্কুলে আসতে আগ্রহী হচ্ছে না। উপরন্তু প্রাথমিক বিদ্যালয়গুলোতে রয়েছে আসবাবপত্রের দারুণ অভাব।

—মোঃ আবদুস সাত্তার